# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**বিষয়: সিলেট সিটি কর্পোরেশনে গত ২৯.০১.২০২৪ তারিখে অনুষ্ঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভার কার্যবিবরণী ।**

সভাপতি : জনাব মোঃ আনোয়ারুজ্জামান চৌধুরী, মেয়র, সিলেট সিটি কর্পোরেশন

সভার তারিখ ও সময় : ২৯ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ, সকাল ১০:০০ ঘটিকা

স্থান : সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহবান জানানো হয়। সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন জনাব মোহাম্মদ আলী, ইমাম, নগর ভবন মসজিদ, সিলেট সিটি কর্পোরেশন এবং পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব জ্যোতিষ চক্রবর্তী, আদায়কারী, কর আদায় শাখা, সিলেট সিটি কর্পোরেশন। অতঃপর সভার আলোচ্যসূচি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | **সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভার কার্যবিবরণী** | • সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ ও সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির ভূমিকা সম্পর্কে আলোচনা।<br>• বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের মূলসূচি সভায় অবহিত করণ।<br>• বাজেটের প্রধান প্রধান অংশ ২০২৩-২০২৪ অর্থবছরের প্রকৃত বাজেট সম্পর্কে আলোচনা।<br>• চলমান অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত/ পরিকল্পিত প্রকল্প সম্পর্কে আলোচনা।<br>• বর্জ্য ব্যবস্থাপনা এবং পরিবেশগত সমস্যা এবং সিটি কর্পোরেশন ও নাগরিকদের ভূমিকা সম্পর্কে আলোচনা। | • বর্জ্য ব্যবস্থাপনার উন্নতিকল্পে এবং এ বিষয়ে আগামী প্রজন্মেকে গড়ে তোলার জন্য বিভিন্ন স্কুল-কলেজ তথা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সচেতনতা বৃদ্ধি করার মাধ্যমে সুন্দর ও আধুনিক শহরে রুপরেখা তৈরী করা।<br>• নগরীতে সাংস্কৃতি কর্মকান্ড আরো জোরদার | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br><br>শিক্ষা সংস্কৃতি কর্মকর্তা<br><br>স্বাস্থ্য কর্মকর্তা |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | করা।<br>• সিটি কর্পোরেশন এলাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ব্যাপকভাবে বৃক্ষরোপণ কর্মসূচি চালানোর সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়।<br>• সিলেট মহানগরীতে মশার উপদ্রব বৃদ্ধি পাওয়ায় মহানগর বাসীকে মশাবাহিত রোগ হতে রক্ষার লক্ষ্যে প্রতিটি এলাকায় মশার ঔষধ ছিটানোর ভিত্তিতে পর্যাপ্ত পরিমাণ লার্ভিসাইড এডাল্টিসাইড ক্রয়ের লক্ষ্যে দরপত্র আহবানের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ২.২ | **রিকারশন সফটওয়্যারের বকেয়া বিল পরিশোধ** | প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন, Recursion Fin Tech Ltd এর সাথে সিলেট সিটি কর্পোরেশনের কার্যক্রম বিগত ১৭ নভেম্বর ২০১৭ খ্রি. হতে ২১ | (ক) জুন ২০২৩ হতে নভেম্বর ২০২৩ পর্যন্ত মোট ৬ মাসের | (ক) হিসাবরক্ষণ কর্মকর্তা |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | **সংক্রান্ত** | নভেম্বর ২০২২ খ্রি. পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য চুক্তি সম্পাদন করা হয়। চুক্তি অনুযায়ী অনলাইন হোল্ডিং ট্যাক্স এসেসমেন্ট এবং বিলিং সফটওয়্যার পরিচালনায় ০৫ (পাঁচ) বছর বিনামূল্যে সেবা প্রদান করেন। পরবর্তীতে Recursion Fin Tech Ltd এর সাথে চুক্তি শেষ হওয়ায় নতুন করে ১ জানুয়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অনলাইন হোল্ডিং ট্যাক্স এসেসমেন্ট এবং বিলিং সফটওয়্যার পরিচালনায় সেবা মূল্য নির্ধারণ পূর্বক চুক্তিটি নবায়ন করা হয়। সেই অনুযায়ী প্রতি মাসে ভ্যাট সহ ৮৪,০০০/- (চুরাশি হাজার) টাকা ফি বাবদ নির্ধারিত হয়। প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন, জুন ২০২৪ হতে নভেম্বর ২০২৪ পর্যন্ত মোট ৬ মাসের ৮৪,০০০*৬=৫,০৪,০০০/- (পাঁচ লক্ষ চার হাজার) টাকা ভ্যাট আইটিসহ গত ১৮/১২/২০২৪ তারিখে বিল দাখিল করেন। তিনি আরও বলেন, অনলাইন হোল্ডিং ট্যাক্স এসেসমেন্ট এবং বিলিং সফটওয়্যার পরিচালনার কার্যক্রম এখনও ১০০% কমপ্লিট হয়নি। সফটওয়্যার আপগ্রেড এর জন্য যে চুক্তিটি নবায়ন করা হয় সে অনুযায়ী Recursion Fin Tech Ltd কর্তৃক ৮০% কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সভায় এ বিস্তারিত আলোচনা করা হয়। চুক্তির শর্তানুযায়ী বিল পরিশোধ এবং সফটওয়্যারের শতভাগ কাজ সম্পন্ন করে সিলেট সিটি | ৮৪,০০০*৬= ৫,০৪,০০০/- (পাঁচ লক্ষ চার হাজার) টাকা ভ্যাট আইটিসহ বিল পরিশোধ করতে হবে।<br><br>(খ) সফটওয়্যারের শতভাগ কাজ সম্পন্ন করে সিলেট সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করতে হবে। | (খ) প্রধান রাজস্ব কর্মকর্তা |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কর্পোরেশনের নিকট হস্তান্তর করার বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন। | | |
| ২.৩ | **সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ডসমূহে ময়লা-আবর্জনা সংগ্রহের সাথে জড়িত প্রতিষ্ঠান/ব্যক্তি দের নিবন্ধন প্রক্রিয়া ও নীতিমালা প্রণয়ন সংক্রান্ত** | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, বর্তমানে সিলেট সিটি কর্পোরেশন ওয়ার্ড পর্যায়ের ময়লা আবর্জনা সংগ্রহের সাথে প্রত্যক্ষভাবে জড়িত নয়। ফলে জনসাধারণের মধ্যে যেখানে সেখানে ময়লা ফেলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এজন্য সিলেট সিটি কর্পোরেশনকে সঠিকভাবে ময়লা আবর্জনা সংগ্রহ ও পরিবহনে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তাছাড়া প্রতিটি ওয়ার্ডে বর্তমানে কতগুলো ভ্যানের মাধ্যমে কতগুলো বাসা হতে ময়লা ও আবর্জনা সংগ্রহ করা হয়, সেবা ফি বাবদ কত টাকা আদায় করা হয় তার কোন সুনির্দিষ্ট তথ্য নেই। তিনি আরও বলেন, সুষ্ঠুভাবে ময়লা আবর্জনা সংগ্রহ এবং পরিবহন করার নিমিত্ত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংগঠনগুলোর ভ্যানগাড়ীসমূহকে নিবন্ধন প্রক্রিয়ার আওতায় আনা যেতে পারে। তাছাড়া গৃহস্থলী ও বিভিন্ন প্রতিষ্ঠান হতে বর্জ্য সংগ্রহ ও পরিচালনা সম্পর্কিত একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সুষ্ঠুভাবে ময়লা আবর্জনা সংগ্রহ এবং পরিবহন করার নিমিত্ত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংগঠনগুলোর ভ্যানগাড়ীসমূহকে নিবন্ধন | (ক) সিটি কর্পোরেশন এলাকায় পরিচালিত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংগঠনসমূহের ভ্যানগাড়ীসমূহ যথাযথ প্রক্রিয়ায় নিবন্ধনের আওতায় আনতে হবে।<br><br>(খ) গৃহস্থলী ও বিভিন্ন প্রতিষ্ঠান হতে বর্জ্য সংগ্রহ ও পরিচালনার নিমিত্ত নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটি আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৫ এর মধ্যে একটি নীতিমালা প্রণয়ন করে সাধারণ সভায় উপস্থাপন করবেন। | (ক) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br><br>(খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | প্রক্রিয়ার আওতায় আসা এবং নীতিমালা প্রণয়ন করার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।<br>i. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন আহবায়ক<br>ii. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সদস্য<br>iii. প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সদস্য<br>iv. প্রধান সম্পত্তি কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সদস্য<br>v. নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), সিলেট সিটি কর্পোরেশন সদস্য<br>vi. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সদস্য সচিব | | |
| **২.৪** | **এলইডি লাইট, ক্রয়, বৈদ্যুতিক কাজ, লাইন মেরামত, রেস্ট হাউজ ও নগর ভবনের ডিস বিল প্রদান সংক্রান্ত** | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, ইস্টার্ণ টিউব লিমিটেড হতে ৮০০০টি এলইডি লাইট ক্রয় বাবদ ২৮,৫৭,৯২০/- (আটাশ লক্ষ সাতান্ন হাজার নয়শত বিশ) টাকা, বিভিন্ন শাখায় জরুরী বৈদ্যুতিক কাজ/মেরামত, জরুরীভিত্তিতে বৈদ্যুতিক লাইন মেরামত, রেষ্ট হাউস ও নগর ভবনের ডিস বিল ইত্যাদি কাজের জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয় বাবদ ৬২,৫৭০/- (বাষট্টি হাজার পাঁচশত সত্তর) | পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে ব্যয় পরিশোধ করতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে ব্যয় পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | | |

৩। পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আনোয়ারুজ্জামান চৌধুরী
মেয়র
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নম্বর : ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.৬৭৫৪/১৮ তারিখ: ২৯.০১.২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

1. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
2. জনাব সুবর্ণা সরকার, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
3. শাখা প্রধান, ............................ (সকল), সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.৬৭৫৪/১৮ তারিখ: ২৯.০১.২০২৪

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

1. মেয়র মহোদয়ের একান্ত সচিব, সিলেট (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
2. সংশ্লিষ্ট নথি।

(ইফতেকার আহমেদ চৌধুরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
ই-মেইল: ceo@scc.gov.bd